

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৯১

আগরতলা, ১৬ নভেম্বর, ২০২৩

সাংবাদিক সম্মেলনে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী  
পি এম কিষণ প্রকল্পে রাজ্যের কৃষকদের ১৫তম  
কিস্তিতে ৪৪ কোটি ৫৯ লক্ষ টাকা দেওয়া হয়েছে

পি এম কিষণ প্রকল্পের ১৫তম কিস্তিতে রাজ্যের কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে মোট ৪৪ কোটি ৫৯ লক্ষ টাকা দেওয়া হয়েছে। তাতে রাজ্যের ২ লক্ষ ২২ হাজার ৯৫৫ জন কৃষক উপকৃত হয়েছেন। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে কৃষিমন্ত্রী রতনলাল নাথ এ সংবাদ জানান। উল্লেখ্য, পি এম কিষণ প্রকল্পের ১৫তম কিস্তিতে গতকাল প্রধানমন্ত্রী সারা দেশের ৮ কোটি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে একসঙ্গে মোট ১৮ হাজার কোটি টাকা প্রদান করেছেন।

সাংবাদিক সম্মেলনে কৃষিমন্ত্রী জানান, পি এম কিষণ প্রকল্পে এখন পর্যন্ত রাজ্যের কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে মোট ৬৪০ কোটি ৪৩ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এর মধ্যে ধলাই জেলার অন্তর্গত কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রদান করা হয়েছে ১০৩ কোটি ৪৩ লক্ষ ৪৮ হাজার টাকা, গোমতী জেলায় ১০২ কোটি ৩০ লক্ষ ১০ হাজার টাকা, খোয়াই জেলায় ৫৮ কোটি ৩২ লক্ষ ৯৮ হাজার টাকা, উত্তর ত্রিপুরা জেলায় ১১৭ কোটি ১৩ লক্ষ ৯০ হাজার টাকা, সিপাহীজলা জেলায় ৭৩ কোটি ২ লক্ষ ৮০ হাজার টাকা, দক্ষিণ ত্রিপুরা জেলায় ৯৪ কোটি ৬৫ লক্ষ ৪৮ হাজার টাকা, উনকোটি জেলায় ৪১ কোটি ৬১ লক্ষ ৪৬ হাজার টাকা এবং পশ্চিম ত্রিপুরা জেলা কৃষকদের প্রদান করা হয়েছে ৪৯ কোটি ৯৩ লক্ষ ২৬ হাজার টাকা।

সাংবাদিক সম্মেলনে কৃষি মন্ত্রী আরও জানান, বর্তমান রাজ্য সরকারের সময়কালে কৃষকদের মাসিক আয় অনেক বৃদ্ধি পেয়েছে। তিনি তথ্য সহকারে বলেন, ২০১৬-১৭ অর্থবছরে রাজ্যের কৃষকের মাসিক আয় যেখানে ছিল ৬ হাজার ৫৮০ টাকা তা ২০১৮-১৯ সালে বৃদ্ধি পেয়ে হয়েছিল ৮ হাজার ৯৮২ টাকা। ২০২০-২১ অর্থবছরে তা আরও বৃদ্ধি পেয়ে হয়েছে ১১ হাজার ৯৬ টাকা হয়েছে। রাজ্য সরকার রাজ্যের কৃষকদের মাসিক আয় ১৩ হাজার ৫৯০ টাকা করার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে।

\*\*\*\*\*